# আগের কাজ আগেই শেষ করে রাখা ভাল

কথায় বলে, কাজ কখনো ফেলে রাখতে নেই। যখনকার কাজ তখনই সারা ভাল। কিন্ত তার চেয়ে আরো ভাল আগের কাজ আগেই শেষ করে রাখা। এতে করে হয় না কোন সমস্যার সৃষ্টি, পড়তে হয় না কোন ঝামেলায়। সব কিছু সম্পন্ন করা যায় স্বচ্ছন্দে, নির্বিঘ্নে।

বৃক্ষরোপণের আগে করণীয় রয়েছে বেশ কিছু কাজ। সবই প্রারম্ভিক কাজ। প্রস্তুতিমূলক কাজ। অবশ্য করণীয় কাজ। যা সম্পন্ন না করে বৃক্ষরোপণের কাজ হাত দেয়া হবে না বুদ্ধিমানের কাজ।

আস্তে আস্তে এগুতে থাকুন পরিকল্পনা মাফিক প্রস্তুতিমূলক কাজের ব্যাপারে। প্রথম কাজটি হবে চারাগাছ রোপণের জায়গা নির্বাচন। তারপর ভালমতো পরিষ্কার করতে হবে নির্বাচিত স্থানের ঝোপজংগল, লতাপাতা, অপ্রয়োজনীয় ডালপালা। যেন জায়গাটি প্রচুর আলো-বাতাস পায়। এর ফলে কমে যাবে আশেপাশের আগাছা আর গাছের জন্য ক্ষতিকর পোকা মাকড়ের উপদ্রব।

বৃষ্টি শুরু হওয়ার আগেই খনন করুন ভালভাবে চারাগাছ রোপণ করা যায় এমন ব্যবধানে পরিমিত আয়তনের গর্ত। মাটি তাল করে রাখুন গর্তের দু'পাশে। গর্ত খননের সময় উপরের উর্বর মাটি রাখুন একপাশে আর নীচের মাটি গর্তের অন্যপাশে। ঠিকমতো যেন আলো-বাতাস পায় গর্ত ১৫-২০ দিন ধরে। এতে করে চারাগাছ রোপণের উপযোগী হবে গর্তটি।

ধৈর্যসহকারে অপেক্ষা করতে থাকুন বর্ষাকালের জন্য। বর্ষাকালই হচ্ছে বৃক্ষরোপণের উত্তম সময়।

এ ব্যাপারে আরো কিছু জানার থাকলে যোগাযোগ করুন ধারে-কাছের বন কর্মকর্তার সাথে। তার কাছ থেকে পাবেন প্রয়োজনীয় সাহায্য ও পূর্ণ সহযোগিতা।

শুরু করুন চারাগাছ
রোপণের পূর্ব-প্রস্তুতি


## উপকূলীয় সবুজ বেষ্টনী প্রকল্প


বন অধিদপ্তর, ঢাকা।

ডি এফ পি - ৮৯৮৯-১৩/৪/২০০০

# বাজার চাহিদা অনুযায়ী কৃষি পণ্য উৎপাদনের পরিকল্পনা করুন









- একতাই শক্তি। অতএব, কৃষি পণ্যের ন্যায্য মূল্য প্রাপ্তি ও বাজারজাতকরণ দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে সমবায় ভিত্তিক বিপণন ব্যবস্থা গড়ে তুলুন। এতে বড় বাজারসমূহে পণ্য নেয়া ও বিক্রি সম্ভব হবে এবং আপনার আয় বাড়বে।
- গ্রামীণ পর্যায়ে ফলমূল ও শাক-সবজির স্বাস্থ্যসম্মত ক্ষুদ্র প্রক্রিয়াজাতকরণ ব্যবস্থা গড়ে তুলুন। প্রক্রিয়াজাতকৃত পণ্য পরবর্তী সময়ে ব্যবহার বা বিক্রির ব্যবস্থা করুন। এতে আপনার আয় বৃদ্ধি পাবে।
- জমি থেকে ফসল কাটা বা তোলা এবং মাড়াই-এর সময় যত্নবান হোন। এতে ফসলের উৎপাদনজনিত ক্ষয়ক্ষতি হ্রাস পাবে।
- মিষ্টি আলু একটি পুষ্টিকর খাবার। উন্নতজাতের মিষ্টি আলুতে রয়েছে বাড়তি পুষ্টি ভিটামিন 'এ' যা রাতকানা রোগ ও অন্ধত্ব প্রতিরোধে সাহায্য করে। তেল মিশিয়ে খেলে মিষ্টি আলু থেকে পুষ্টি বেশী পাওয়া যায়।
- ক্রেতার দৃষ্টি আকর্ষণের জন্য ফসল গ্রেডিং করে বিক্রয়ের ব্যবস্থা করুন যা আপনার পণ্যের ভাল মূল্য পেতে সাহায্য করবে।
- ফসলের গুণাগুণ যাতে নষ্ট না হয় সেদিকে খেয়াল রাখুন এবং তার জন্য উপযুক্ত ব্যবস্থা নিন।
- উপযুক্ত ও সঠিক উপায়ে কৃষি পণ্য সংরক্ষণ করুন এবং উপযুক্ত সময়ে বিক্রি করে আপনার আয় বৃদ্ধি করুন। এ ব্যাপারে নিকটস্থ শস্য গুদাম ঋণ প্রকল্পের গুদামসমূহে কম খরচে শস্য পণ্য সংরক্ষণ ও ঋণ প্রাপ্তির সুযোগ নিতে পারেন।
- স্বাস্থ্যসম্মত ব্যবস্থায় প্রক্রিয়াজাত করবেন। এতে পণ্যের সুনাম বৃদ্ধির পাশাপাশি অপচয় রোধ এবং দেশী ও আন্তর্জাতিক বাজারে গড় মৌসুমে পণ্য সরবরাহ সম্ভব হবে।
- প্রয়োজনীয় বাজার তথ্য আপনার কৃষি পণ্যের উপযুক্ত মূল্য প্রাপ্তির ক্ষেত্রে খুবই সহায়ক। পচনশীল পণ্য দ্রুত বিক্রয়ের ব্যবস্থা নিবেন।
- কৃষি পণ্য উৎপাদন ও বিপণন খরচের খাতগুলো চিহ্নিত করুন এবং অপ্রয়োজনীয় ব্যয় হ্রাস করুন। এতে আপনার পণ্যের উপযুক্ত মূল্য প্রাপ্তি নিশ্চিত হবে।







## কৃষি বিপণন অধিদপ্তর

খামারবাড়ী, ঢাকা-১২১৫

ডি এফ পি - ৮৯৯৬-১৩/৪/২০০০